পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০

Office of the Controller of Examinations
Sheikh Hasina University
Netrakona-2400
website.www.shu.edu.bd
Phone: +8802997735019

স্মারক: ৩৭.০১.৭২০১.০০৯.৯২.০০১.২৩.৪২

তারিখ: ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ জানুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ

## ২০২০-২১ শিক্ষাবর্ষের বি.এ (অনার্স) ১ম বর্ষ ২য় সেমিস্টার ফাইনাল পরীক্ষা-২০২১ এর সময়সূচি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলা বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ২য় সেমিস্টার ফাইনাল পরীক্ষা-২০২১ নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

### বাংলা বিভাগের পরীক্ষার সময়সূচি

পরীক্ষা আরম্ভের সময়: সকাল ৯:০০ ঘটিকা
পরীক্ষার সময়কাল: প্রশ্নপত্রে উল্লেখিত সময়কাল।

| তারিখ ও বার | সময় | কোর্স নম্বর | কোর্স শিরোনাম | পরীক্ষাস্থল |
|---|---|---|---|---|
| ০৮/০২/২০২৩ বুধবার | সকাল ৯টা-দুপুর ১টা | কোর্স নম্বর: ১০৪ | বাংলা সাহিত্যের ইতিহাস-১ | শ্রেণি কক্ষ:৪০৭ |
| ১২/০২/২০২৩ রবিবার | সকাল ৯টা-দুপুর ১টা | কোর্স নম্বর: ১০৫ | মধ্যযুগের বাংলা কাব্য | শ্রেণি কক্ষ:৪০৭ |
| ১৬/০২/২০২৩ বৃহস্পতিবার | সকাল ৯টা-দুপুর ১টা | কোর্স নম্বর: ১০৬ | English Language & Literary Forms | শ্রেণি কক্ষ:৪০৭ |

**বিশেষ দ্রষ্টব্য:-**

১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ পরীক্ষার সময়সূচি পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।
২. পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
৩. পরীক্ষা শুরুর ০১ (এক) ঘন্টার মধ্যে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না।
৪. পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রে শিক্ষার্থীদের মোবাইল ফোন, ব্যাগ বা কোন প্রকার ইলেক্ট্রনিক্স ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।
৫. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-

স্বাক্ষরিত

**(ড. মোঃ হাবিবুর রহমান)**
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা

স্মারক: ৩৭.০১.৭২০১.০০৯.৯২.০০১.২৩.৪২ (৭)

তারিখ: ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ জানুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. রেজিস্ট্রার (অ.দা.), শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা, (নিরাপত্তা ও পরিবহণ শাখা সহ সংশ্লিষ্ট সকলকে অবগত করার জন্য অনুরোধ করা হলো);
০২. চেয়ারম্যান, বাংলা বিভাগ, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
০৩. সহকারী রেজিস্ট্রার (একাডেমিক শাখা) শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
০৪. পিএস টু ভিসি (অ.দা.) ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
০৫. নোটিশ বোর্ড;
০৬. www.shu.edu.bd
০৭. অফিস নথি (পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর)।

২৯/০১/২৩

মোঃ রওশন আলী
অ.স.কা.ক.অ
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা-২৪০০

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০

Office of the Controller of Examinations
Sheikh Hasina University
Netrakona-2400
website.www.shu.edu.bd
Phone: +8802997735019

স্মারক: ৩৭.০১.৭২০১.০০৯.৯২.০০১.২৩.৪৪

তারিখ: ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

# বাংলা বিভাগের সেমিস্টার ফাইনাল পরীক্ষা-২০২১ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় নেত্রকোণা'র বাংলা বিভাগের সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২১ শিক্ষাবর্ষের বি.এ (অনার্স) ১ম বর্ষ ২য় সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ৩০ জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখ থেকে ৩১ জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় দপ্তরে নম্বরপত্র ফি/একাডেমিক ট্রান্সক্রিপ্ট (Academic Transcript) বাবদ ৩০০/-(তিনশত টাকা) জমা প্রদান পূর্বক ফরম সংগ্রহ করে পূরণকৃত ফরম বিভাগীয় দপ্তরে জমা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিশেষ দ্রষ্টব্য:**

১। পরীক্ষার ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল কাগজপত্রের সঙ্গে মিলিয়ে বা পরীক্ষা করে দেখার সম্পূর্ণ দায়িত্ব সংশ্লিষ্ট বিভাগের।
২। পরীক্ষার ফরম পরীক্ষার্থী নিজে পূরণ করবে। কোন তথ্য ভুল লিখলে অথবা তথ্য না লিখলে সেজন্য পরীক্ষার্থী নিজে দায়ী থাকবে।
৩। কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

**আবেদন ফরম সংগ্রহ:**

বাংলা বিভাগের ১ম বর্ষ ২য় সেমিস্টার ফাইনাল পরীক্ষার আবেদন ফরম বিভাগীয় দপ্তর হতে পরীক্ষার্থী নিজে সংগ্রহ করবেন।

**পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলি:**

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

বাংলা বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের বি.এ (অনার্স) ১ম বর্ষ ২য় সেমিস্টারে ভর্তিকৃত সকল ছাত্র/ছাত্রী (যারা রেগুলেশন (regulation) অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০২১ সালের সেমিস্টার ফাইনাল পরীক্ষার নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

## মানোন্নয়ন (Improvement)/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

**মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন/ইম্প্রুভমেন্টের নিয়মাবলি/শর্তাবলি:**

একজন পরীক্ষার্থী যদি কোনো কোর্সে ৩.০০ বা ৩.০০ এর নিচে গ্রেড পয়েন্ট পেয়ে উত্তীর্ণ হয়, তবে সে শুধুমাত্র একবারের জন্য উক্ত কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এই ক্ষেত্রে উল্লেখ্য যে, যদি কোনো পরীক্ষার্থী প্রথম চেষ্টায় 'F' গ্রেড হইতে মানোন্নয়নে ব্যর্থ হয়, তবে সে পরবর্তী চূড়ান্ত পরীক্ষায় দ্বিতীয় এবং শেষবারের মতো অংশগ্রহণ করিয়া 'F' গ্রেড হইতে মানোন্নয়নের সুযোগ পাবে। যদি কোনো পরীক্ষার্থী পুনঃপরীক্ষায় অংশগ্রহণ করা সত্বে ও তাহার পূর্বে অর্জনকৃত গ্রেড হইতে মানোন্নয়নে ব্যর্থ হয়, তবে তাহার পূর্বে অর্জনকৃত গ্রেড বহাল থাকিবে। প্রতিক্ষেত্রে মানোন্নয়ন পরীক্ষা বলিতে সংশ্লিষ্ট বিষয়ের শুধুমাত্র তত্ত্বীয় অংশকে বুঝাইবে। ল্যাবরেটরি/ব্যবহারিক/স্পেশাল/ মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোনো মানোন্নয়ন পরীক্ষার আবেদন গ্রহণযোগ্য হইবে না। মানোন্নয়ন পরীক্ষার ফি বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত হইবে।

**বিশেষ লক্ষ্যনীয়:**

- ১ম বার সুযোগ থাকার পর ৩.০০ বা ৩.০০ এর নিচে গ্রেড প্রাপ্ত বিষয়ে মানোন্নয়ন পরীক্ষার জন্য ফরম পূরন না করলে পরবর্তীতে ঐ বিষয়ে আর মানোন্নয়ন /গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
- সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে উল্লেখিত নিয়মে অবশ্যই ন্যূনতম D গ্রেডে এ উন্নীত করতে হবে। অনুপস্থিত বা F গ্রেড প্রাপ্ত কোর্সে উচ্চতর গ্রেডে উন্নীত করলে, পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত গ্রেড এর বেশী প্রাপ্য হবে না। সকল বর্ষের পরীক্ষা শেষে CGPA নির্ধারিত হলে কোন মানোন্নয়ন বা গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ থাকবে না।

**আনুষজ্ঞিক/ প্রাসজ্ঞিক বিষয়: (সংশ্লিষ্ট সকল ও বিভাগীয় দপ্তর কর্তৃক করণীয়)**

- অবশ্যই প্রবেশপত্র বিতরণ তালিকা, পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের তালিকার Hard copy এবং Soft copy/Word file, নম্বরপত্র ফি/ একাডেমিক ট্রান্সক্রিপ্ট বাবদ ৩০০/- (তিনশত টাকা) ও নম্বরপত্র ফি আদায়ের রশিদ নিয়মতান্ত্রিকভাবে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করবেন।
- উল্লেখিত সময়সূচি অনুযায়ী উক্ত সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফরম পূরণ সম্পূর্ণ করার পর তালিকাভুক্ত ছাত্র/ছাত্রীদের লিস্ট ও আবেদনের কপি এবং প্রবেশপত্রের অংশ বিভাগীয় চেয়ারম্যান মহোদয় কর্তৃক সুবিন্যস্তরূপে যাচাই-বাছাই নিশ্চয়ন শেষে সিল,স্বাক্ষর প্রদান পূর্বক ০১/০২/২০২৩ খ্রি.তারিখের দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরারর (প্রবেশপত্র/পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক) লিখিত পত্রসহ দপ্তরে প্রেরণ করার জন্য বিভাগীয় চেয়াম্যান/সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে বিশেষভাবে অনুরোধ করা হলো।
- উল্লেখ্য যে, পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত পরীক্ষার ফি [তত্ত্বীয়-প্রতি পূর্ণপত্র,অর্ধপত্র/কোর্স ফি, বিলম্ব ফি ইত্যাদি] এবং অন্যান্য আনুষজ্ঞিক সকল প্রকার পাওনার বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ও নিষ্পত্তি হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন প্রকার আপত্তি গ্রহন যোগ্য হবে না/সংশ্লিষ্ট অনাদায়ী পাওনার বিষয়ে উদ্ভূত জটিলতার জন্য পরীক্ষা নিয়ন্ত্রক/দপ্তর কর্তৃপক্ষ দায়ী থাকবে না।



'অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য'

## অন্যান্য নির্দেশাবলি

**শিক্ষার্থীদের নিম্ন লিখিত প্রয়োজনীয় কাগজপত্র এবং ছবি অবশ্যই সংযুক্ত করতে হবে:**

১. প্রভোস্ট/বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট (Passport) সাইজের ২ কপি রঙিন ছবি।

২.মানোন্নয়ন (Improvement)/গ্রেড উন্নয়ন ও F গ্রেড প্রাপ্ত পরীক্ষার্থীদের জন্য একাডেমিক ট্রান্সক্রিপ্ট (Academic Transcript) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

**প্রবেশপত্র বিতরণ:** সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরের প্রবেশপত্র বিতরণ তালিকা/রেজিস্ট্রার বইতে স্বাক্ষর প্রদান পূর্বক অফিস-চলাকালীন-সময়ে প্রবেশপত্র গ্রহণ করার জন্য পরীক্ষার্থীদেরকে অনুরোধ করা হলো।

**দ্রষ্টব্য: পরীক্ষার ফরম পূরণ/পরীক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম উল্লেখিত বর্ণনা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।**

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-

স্বাক্ষরিত

**ড. মোঃ হাবিবুর রহমান)**
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা।

স্মারকঃ ৩৭.০১.৭২০১.০০৯.৯২.০০১.২৩.৪৪ (৮)

তারিখঃ ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ২৯ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. রেজিস্ট্রার (অ.দা.), শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
০২ চেয়ারম্যান, বাংলা বিভাগ, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
০৩. উপ-পরিচালক, (অর্থ ও হিসাব শাখা), ট্রেজারার দপ্তর, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
০৪. সহকারী রেজিস্ট্রার, (একাডেমিক শাখা), শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
০৫. পিএস টু ভিসি (অ.দা.), ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য) শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়;
০৬. নোটিশ বোর্ড;
০৭.www.shu.edu.bd
০৮. অফিস নথি (পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর)।

২৯/০১/২৩

**মোঃ রওশন আলী**
অ.স.কা.ক.অ
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা-২৪০০